

[[الزمر: ۹ه

## ■■ কিয়ামতের ভয়াবহতা ও তারপর

বিভাগ/অধ্যায়ঃ তৃতীয় অধ্যায় রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

## পরকাল অস্বীকারকারীদের দুর্দিন

আমাদের মানব সমাজে বহু মানুষ আছে যারা পরকালকে অস্বীকার করে থাকে। তারা বলে থাকে দুনিয়ার জীবনই জীবন। যা দেখি না তা বিশ্বাস করি না। পরকাল অস্বীকার করার ফলে তারা যে পরকালের শিকার হবে না তা কিন্তু নয়। কেউ আগুনের দাহ্য শক্তি অস্বীকার করলেও আগুন তাকে পেলে দগ্ধ করবেই।

আল্লাহ তা'আলা এদের সম্পর্কে বলেন:

"সেদিন ধ্বংস অস্বীকারকারীদের জন্য। যারা প্রতিদান দিবসকে অস্বীকার করে। আর সকল সীমালজ্যনকারী পাপাচারী ছাড়া কেউ তা অস্বীকার করে না। যখন তার কাছে আমার আয়াতসমূহ তিলাওয়াত করা হয় তখন সে বলে, পূর্ববর্তীদের রূপকথা। কখনো নয়, বরং তারা যা অর্জন করত তা-ই তাদের অন্তরসমূহকে ঢেকে দিয়েছে। কখনো নয়, নিশ্চয় সেদিন তারা তাদের রব থেকে পর্দার আড়ালে থাকবে। তারপর নিশ্চয় তারা প্রজ্বলিত আগুনে প্রবেশ করবে। তারপর বলা হবে, এটাই তা যা তোমরা অস্বীকার করতে"। [সূরা আল-মুতাফফিফিন, আয়াত: ১০-১৭]

﴿ وَنُفِخَ فِي ٱلصُّورِ فَإِذَا هُم مِّنَ ٱلكَأْجِادَاثِ إِلَىٰ رَبِّهِمِ يَنسِلُونَ ١٥ قَالُواْ يُويالَنَا مَن اَبَعَثَنَا مِن مَّر اَقَدنا اَ ﴿ وَنُفِخَ فِي ٱلصُّورِ فَإِذَا هُم مِّنَ ٱلكَأْجِادَاثِ إِلَىٰ رَبِّهِمِ اَ يَنسِلُونَ ١٥ إِن كَانَت اللَّا إِلَّا صَياحَةٌ فَإِذَا هُم اَ جَمِيع اللَّذَيانَا هَذَا مَا وَعَدَ ٱلرَّحامِّنُ وَصَدَقَ ٱلكَمُر اَسَلُونَ ٢٥ إِن كَانَت اللَّا إِلَّا صَياحَةٌ فَإِذَا هُم اللَّهُ مَعِيم اللَّهُ الللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللللِّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّ

"আর শিঙ্গায় ফুঁক দেওয়া হবে, তৎক্ষণাৎ তারা কবর থেকে তাদের রবের দিকে ছুটে আসবে। তারা বলবে, হায় আমাদের দুর্ভোগ! কে আমাদেরকে আমাদের নিদ্রাস্থল থেকে উঠালো? (তাদেরকে বলা হবে) এটা তো তা যার ওয়াদা পরম করুনাময় করেছিলেন এবং রাসূলগণ সত্য বলেছিলেন। তা ছিল শুধুই একটি বিকট আওয়াজ, ফলে তৎক্ষণাৎ তাদের সকলকে আমার সামনে উপস্থিত করা হবে। সুতরাং আজ কাউকেই কোনো যুলম করা হবে না এবং তোমরা যা আমল করছিলে শুধু তারই প্রতিদান তোমাদের দেওয়া হবে"। [সূরা ইয়াসীন, আয়াত: ৫১-৫৪]

1/



"আর যারা আল্লাহর প্রতি মিথ্যারোপ করে কিয়ামতের দিন তুমি তাদের চেহারাগুলো কালো দেখতে পাবে। অহঙ্কারীদের বাসস্থান জাহান্নামের মধ্যে নয় কি?" [সূরা আয-যুমার, আয়াত: ৬০]

"আর তারা বলেছিল, আমাদের এ দুনিয়ার জীবন ছাড়া কিছু নেই এবং আমরা পুনরুজ্জীবিত হব না। আর যদি তুমি দেখতে যখন তাদেরকে দাঁড় করানো হবে তাদের রবের সামনে এবং তিনি বলবেন, এটা কি সত্য নয়? তারা বলবে, হাাঁ, আমাদের রবের কসম! তিনি বলবেন, সুতরাং তোমরা যে কুফুরী করতে তার কারণে আযাব আস্বাদন কর। যারা আল্লাহর সাক্ষাৎ অস্বীকার করেছে তারা অবশ্যই ক্ষতিগ্রস্ত হয়েছে, এমনকি যখন হঠাৎ তাদের কাছে কিয়ামত এসে যাবে, তারা বলবে, হায় আফসোস! সেখানে আমরা যে ক্রটি করেছি তার উপর। তারা তাদের পাপসমূহ তাদের পিঠে বহন করবে; সাবধান! তারা যা বহন করবে তা কত নিকৃষ্ট! আর দুনিয়ার জীবন খেলাধুলা ও তামাশা ছাড়া কিছু না। আর যারা তাকওয়া অবলম্বন করে তাদের জন্য আখিরাতের আবাস উত্তম। অতএব তোমরা কি বুঝবে না?" [সূরা আল-আন'আম, আয়াত: ২৯-৩২]

وَيَالَ؟ يَوَ؟مَئِذ لِّلَا مُكَذَّبِينَ ٢٨ ٱنطَلِقُوٓاْ إِلَىٰ مَا كُنتُم بِهِ؟ تُكَذَّبُونَ ٢٩ ٱنطَلِقُوٓاْ إِلَىٰ ظِلِّ ذِي ثَلُثِ شُعَب ٣٠ لَّا ﴿ وَيَالَ؟ يَوَ؟مَئِذ طُلِيل وَلَا يُعْانِي مِنَ ٱللَّهَبِ ٣١ إِنَّهَا تَرَامِي بِشَرَر كَٱلاَقَصَارِ ٣٣ كَأَنَّهُ؟ جِمِّلَت؟ صُفُواراً ٣٣ وَيَالَ؟ يَوا مَئِذ ظَلِيل وَلَا يُعْانِي مِنَ ٱللَّهَبِ ٣١ إِنَّهَا تَراامِي بِشَرَر كَٱلاَقَصَارِ ٣٣ كَأَنَّهُ؟ جِمِّلَت؟ صُفُواراً ٣٣ وَيَالَ؟ يَوا مَئِذ لِيل وَلَا يُعْانِي مِن ٱللَّهَبِ ٣١ إِنَّهَا تَراامِي بِشَرَر كَٱلاَقَصَارِ ٣٣ كَأَنَّهُ؟ جِمِّلَت؟ صُفُواراً ٣٤ وَيَالَ؟ يَوا مَوْد المَرسَالات: ٢٨، ٣٤ [لِلاَمُكَذَّبِينَ ٣٤﴾ [المرسلات: ٢٨، ٣٤ مُنْ اللهُ مِنْ اللهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللهُ عَلَى اللّهُ عَلَى الللّهُ عَلَى الللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى الللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى الللهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللهُ عَلَى اللّهُ عَلَى الللّهُ عَلَى اللّهُ عَلَى الللللّهُ عَلَى اللّهُ عَلَى الللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى اللّهُ عَلَى الللّهُ عَلَى اللّهُ عَلَى الللّهُ عَلَى الللّهُ عَلَى الللّهُ عَلَى الللّهُ عَلَى اللّهُ عَلَى الللّهُ عَلَى الللّهُ عَلَى الللّهُ عَلَى اللّهُ عَلَى

"মিথ্যারোপকারীদের জন্য সেদিনের দুর্ভোগ! (তাদেরকে বলা হবে), তোমরা যা অস্বীকার করতে সেদিকে গমন কর। যাও তিন শাখা বিশিষ্ট আগুনের ছায়ায়, যা ছায়াদানকারী নয় এবং তা জাহান্নামের জ্বলন্ত অগ্নিশিখার মোকাবেলায় কোনো কাজেও আসবে না। নিশ্চয় তা (জাহান্নাম) ছড়াবে প্রাসাদসম স্ফুলিঙ্গ। তা যেন হলুদ উদ্ভী। মিথ্যারোপকারীদের জন্য সেদিনের দুর্ভোগ!" [সূরা আল-মুরসালাত, আয়াত: ২৮-৩৪]

Source — https://www.hadithbd.com/books/link/?id=13511

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন